দৈনিক সংবাদ

তারিখ ... 10 JUL 198 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

28

## পরীক্ষায় নকলপ্রবণতা প্রতিরোধের আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল ও কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল এ, কে, এম শহীদুল্লাহ আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় দূর্নীতি ও নকল প্রতিরোধের আহ্বান জানিয়েছেন।

এক বিবৃতিতে তিনি ১২ই জুলাই অনুষ্ঠেয় পরীক্ষা পরিচালনায় নিয়োজিত শিক্ষকদের এ ব্যাপারে প্রস্তুতি গ্রহণের আহ্বান জানান। তিনি পরীক্ষায় নকলপ্রবণতা ও দুর্নীতির বিরুদ্ধে জনমত গড়ে তোলার জন্যে ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান। খবর সংবাদ বিজ্ঞপ্তির।